দৈনিক ইনকিলাব

তারিখ 7 OCT 2009
পৃষ্ঠা ২ কলাম ৬

# ডিজিটাল দেশ গড়ার লক্ষ্যে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদফতরের কার্যক্রম

প্রেস বিজ্ঞপ্তি : ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতরের বিভিন্ন কার্যক্রম প্রক্রিয়াধীন আছে। সেবার মান বাড়ানোর লক্ষ্যে মোবাইল ফোন এবং ওয়েব সাইটের মাধ্যমে সেবা প্রদান করা হবে। আপাততঃ শিক্ষা সংশ্লিষ্ট বিভিন্ন কাজের জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতরে যারা আবেদন করেছেন, তারা মহাপরিচালক মহোদয়ের বরাবর ই-মেইল করতে পারেন। ই-মেইলের ঠিকানা : ডথঅাদ্রদণ.বমল.ঠচ। ই-মেইল পাওয়ার ৭ দিনের মধ্যে উত্তর দেয়া হবে। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদফতরের এক বিজ্ঞপ্তিতে একথা জানানো হয়েছে।